

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০  
প্রশাসন ( অর্থ ও আইটি ) শাখা।  
[www.bmet.gov.bd](http://www.bmet.gov.bd)

স্মারক নম্বর-৪৯.০১.০০০০.০০২.১৪.০০২.১৯. ৬০৬৭

তারিখ : ০৬/০৯/২০১৯ খ্রিঃ।

বিষয়: জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইনোভেশন কমিটির আগষ্ট/২০১৯ মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : শেখ রফিকুল ইসলাম পিএএ, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) ও যুগ্মসচিব, বিএমইটি, ঢাকা।

তারিখ : ২৮/০৮/২০১৯ খ্রিঃ।

সময় : বিকাল: ০৩:০০ ঘটিকা।

স্থান : অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) এর অফিস কক্ষ।

সভার উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'।

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইনোভেশন কমিটির আগষ্ট/২০১৯ মাসের সভা বিগত ২৮/০৮/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। সভার সভাপতি ও অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) বিএমইটি'র ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় চলতি বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়নের নিমিত্ত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অধীনস্থ দপ্তরসমূহ হতে উদ্ভাবনী আইডিয়া/ আইডিয়াসমূহ আহবান।	উপপরিচালক (অর্থ ও আইটি) জানান যে, আগামী ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে বিএমইটি'র অধীনস্থ দপ্তরসমূহকে উদ্ভাবনী আইডিয়া/আইডিয়াসমূহ প্রেরণের জন্য ২৮.০৮.২০১৯ তারিখে ই-মেইল যোগে পত্র প্রেরণ করা হয়েছে। নির্বাচিত উদ্ভাবনী আইডিয়া/আইডিয়াসমূহ বার্ষিক ইনোভেশন তালিকাভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বিএমইটি'র অধীন সকল দপ্তর পত্র পেয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য মোবাইলে গ্রুপ মেসেজ প্রেরণসহ প্রয়োজনে টেলিফোনে নিশ্চিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া প্রাপ্ত আইডিয়া/ আইডিয়াসমূহ নিয়ে আগামী ০১(এক) মাসের মধ্যে পুনরায় সভা আহবান করে নির্বাচিত আইডিয়া/আইডিয়াসমূহ বার্ষিক ইনোভেশন তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ২। উপপরিচালক (আইটি ও ইনোভেশন)
২.	বিএমইটি ইনফো'র (হেল্প ডেস্ক)/ কল সেন্টার স্থাপন ও পরিচালনা সংক্রান্ত।	বিএমইটি'র নিজস্ব হটলাইন স্থাপনের মাধ্যমে বিএমইটি হতে প্রদেয় সেবা (বিভিন্ন প্রশিক্ষণ, স্মার্টকার্ড, ফিঙ্গারপ্রিন্ট, ভিসা যাচাই ও বৈধ রিক্রুটিং এজেন্সি ও অনুবাদ সংস্থার তথ্য ও বিদেশ গমনেছু ও প্রত্যগতদের অভিযোগ গ্রহণ	বিএমইটি'র নিজস্ব হটলাইন স্থাপনের মাধ্যমে সেবা গ্রহীতাদের টেলিফোন ও মেসেজ প্রেরণের জন্য বিএমইটি ইনফো'র (হেল্প ডেস্ক)/ কল সেন্টার স্থাপন ও পরিচালনার বিষয়টি বার্ষিক ইনোভেশন তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ২। উপপরিচালক (আইটি ও ইনোভেশন)

		ও নিষ্পত্তি ) তথ্য সহজীকরণে সেবা গ্রহীতাদের টেলিফোন ও মেসেজ প্রেরণের মাধ্যম সেবা প্রদান করা হলে প্রতারণা ও হারানিমুক্ত এবং মধ্যস্থত্বভোগীদের দৌরাভ্রাস হ্রাস পাবে। ফলে সেবাগ্রহীতাদের সময়, অর্থ ও ভিজিট হ্রাস পাবে। এ লক্ষ্যে সভায় বিএমইটিতে কলসেন্টার স্থাপনের গুরুত্ব বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।		
৩.	১। ডিজিটাল রিক্রুটিং এজেন্সি ম্যানেজমেন্ট/ইনফরমেশন সিস্টেম;  ২। অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম।	উপপরিচালক (অর্থ ও আইটি) জানান যে, ডিজিটাল রোডম্যাপ ২০২১ এর আওতায় মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ইনোভেশন ওয়ার্কশপে গৃহীত ৪টি উদ্ভাবনী ধারণার মধ্যে বার্ড, কুমিল্লায় অনুষ্ঠিত ওয়ার্কশপে এ দু'টি আইডিয়া বাস্তবায়নে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরে বিএমইটি'র ইনোভেশন খাতে ১৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত ২টি আইডিয়াকে বার্ষিক ইনোভেশন তালিকাভুক্ত করার বিষয়ে আলোচনা হয়।	* ডিজিটাল রিক্রুটিং এজেন্সি ম্যানেজমেন্ট/ইনফরমেশন সিস্টেম বাস্তবায়নের জন্য কর্মসংস্থান শাখার সহকারী পরিচালক পর্যায়ে একজন-কে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। * অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ শাখার সহকারী পরিচালক পর্যায়ে একজন-কে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। * উক্ত ২টি আইডিয়া উপপরিচালক (অর্থ ও আইটি) সার্বিক তত্ত্বাবধান করবেন ও আইডিয়া ২টি বার্ষিক ইনোভেশন তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ২। পরিচালক (কর্মসংস্থান) ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ) ৪। উপপরিচালক (আইটি ও ইনোভেশন)।
৪.	১। স্টেপ/লিডস্ কর্তৃক ডেভেলপকৃত অনলাইন ট্রেনিং সার্টিফিকেট চালুকরণ;	* লিডস কর্তৃক ডেভেলপকৃত ট্রেনিং মডিউল ব্যবহার করে অনলাইন ট্রেনিং সার্টিফিকেট চালুকরণে স্টেপ/লিডস এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রোগ্রামারদের সাথে আগামী ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে আলোচনা করে প্রাপ্ত সুপারিশ মোতাবেক পরবর্তী করণীয় নির্ধারণের	লিডস কর্তৃক ডেভেলপকৃত ট্রেনিং মডিউল ব্যবহার করে অনলাইন ট্রেনিং সার্টিফিকেট চালুকরণে স্টেপ/লিডস এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রোগ্রামারদের সাথে আগামী ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে আলোচনা করে প্রাপ্ত সুপারিশ মোতাবেক	১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ২। উপপরিচালক (আইটি ও ইনোভেশন)।

